ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪৪৭
শান্তিরবাজার, ২৯ অক্টোবর, ২০২৫

**আগামী ৩১ অক্টোবর লাউগাং ভিলেজের ব্রু-পুনর্বাসন কেন্দ্রে প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হবে**

শান্তিরবাজার মহকুমা প্রশাসনের উদ্যোগে আগামী ৩১ অক্টোবর বকাফা ব্লকের লাউগাং এডিসি ভিলেজের ব্রু-পুনর্বাসন কেন্দ্রে এক প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। শিবিরে গ্রামীণ এলাকার জনগণের মধ্যে এসটি পিআরটিসি, ম্যারেজ এবং ইনকাম সার্টিফিকেট প্রদান করা হবে। এছাড়াও রোগীদের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ওষুধ দেওয়া হবে। বিভিন্ন সরকারি দপ্তরের আধিকারিকগণ শিবিরে উপস্থিত থেকে স্থানীয় জনসাধারণকে নানা রকম পরিসেবা প্রদান করবেন। জনসাধারণকে শিবিরে উপস্থিত থেকে সরাসরি পরিসেবার সুযোগ গ্রহণ করার জন্য শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক সঞ্জীব চাকমা অনুরোধ জানিয়েছেন।

*****